সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)

২২/২২ খিলজি রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

সভার কার্যবিবরণী

অক্টোবর ৩০, ২০২৩ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় এসডিএফ-এর প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষে এসডিএফ কর্তৃক বাস্তবায়নাধীন RELI, SCMFP ও CPSP প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা বিষয়ে সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এসডিএফ এর বোর্ড অব ডিরেক্টর্স এর সম্মানিত চেয়ারপার্সন জনাব মো: আবদুস সামাদ, (অব: সিনিয়র সচিব), গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার। সভায় সভাপতিত্ব করেন এসডিএফ এর ব্যবস্থাপনা পরিচালক জনাব ড. অমিতাভ সরকার (অব:সচিব), গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার। সভায় অংশগ্রহণকারীগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে প্রদর্শিত হলো।

সম্মানিত সভাপতি শুরুতেই সবাইকে স্বাগত জানান এবং বলেন যে, এসডিএফ কে তার কার্যক্রমের মাধ্যমে সত্যিকার অর্থেই দেশের দারিদ্র বিমোচনে ভূমিকা রাখতে হবে এবং তা জাতীয় পর্যায়ে গ্রহণযোগ্য হতে হবে। এসডিএফ এর কর্মকর্তা কর্মচারীদেরকে প্রকল্প এলাকায় উপকারভোগীদের সাথে আত্মীক সম্পর্ক স্থাপন করতে হবে, অন্যথায় সদস্যদের মাধ্যমে ঋণ পরিচালনাসহ অন্যান্য কার্যক্রম সফলতা বয়ে আনবেনা। প্রশিক্ষণ প্রদানের ক্ষেত্রে প্রশিক্ষণের গুণগতমান নিশ্চিত করতে হবে। তিনি আরও জানান যে, বিশ্বে বাংলাদেশ উন্নয়নের রোল মডেল। এসডিএফ উন্নয়ন মডেলও অন্য সংস্থা বা প্রতিষ্ঠান কর্তৃক প্রশংসিত এবং গ্রহণযোগ্য হতে হবে। তিনি RELI প্রকল্পের লক্ষ্যমাত্রা, বার্ষিক লক্ষ্যমাত্রার আলোকে প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি, চ্যালেঞ্জসমূহ এবং করণীয় বিষয়ে উপস্থাপনের জন্য পরিচালক(অপারেশন্স)-কে অনুরোধ জানান।

পরিচালক (অপারেশন্স) জানান যে, বিগত Implementation Support Mission এর Agreed Action অনুসারে ডিসেম্বর ২০২৩ এর মধ্যে কমপক্ষে ৪০০টি গ্রাম সমিতির অফিস ঘর নির্মাণ কাজ শেষ করতে হবে। ইতোমধ্যে মাত্র ৪৮টি অফিস ঘরের নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে এবং ৩২৭টি গ্রাম সমিতির অফিস ঘর নির্মাণ কাজ চলমান রয়েছে। তিনি আইডিএফ এর মাধ্যমে এপর্যন্ত ২০০৮টি গ্রামে জমি ক্রয় করার বিষয়টি সভায় উল্লেখ করেন। তিনি আরও জানান নভেম্বর ২০২৩ এর মধ্যে ৭০টি উৎপাদনকারী দল (পিজি) গঠন ও নিবন্ধন করতে হবে । ইতোমধ্যে ৪৯টি পিজি এর নিবন্ধন সম্পন্ন করা হয়েছে।

সম্মানিত প্রধান অতিথি বলেন যে, মনিটরিং অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং অবশ্যই মনিটরিং যথাযথভাবে সকল পর্যায় থেকে নিশ্চিত করতে হবে। প্রকল্পের লক্ষমাত্রার আলোকে অর্জন নির্দিষ্ট সময়ের পূর্বেই সম্পন্ন করার বিষয়ে তাগিদ প্রদান করেন। তিনি মাঠ কর্মী দ্বারা কোন প্রকার অন্যায়, আর্থিক অনিয়ম সংঘটিত হলে তা দ্রুত সনাক্ত করে যথাযথভাবে ব্যবস্থা নেয়ার নির্দেশনা প্রদান করেন। তিনি প্রকল্প কার্যক্রম বাস্তবায়নে এসডিএফ এর আন্ত:বিভাগ সমন্বয় করে কাজ করার উপর জোর তাগিদ প্রদান করেন। এছাড়াও, তিনি বিভিন্ন প্রকল্প গ্রহণের লক্ষ্যে তহবিল সংগ্রহ করার জন্য একটি টিম গঠনের বিষয়টি সভায় উপস্থাপন করেন।

সম্মানিত প্রধান অতিথি বলেন যে, এসআইপিপি-২ এবং এনজেএলআইপি এলাকার জন্য ২টি কমিটি গঠন করা হয়েছে কিন্তু এখন পযর্ন্ত কমিটির কোন কার্যক্রম লক্ষ্য করা যাচ্ছে না। তিনি কমিটিগুলোকে এসআইপিপি-২ এবং এনজেএলআইপি এলাকায় কর্মশালা করে দ্রুত পদক্ষেপ গ্রহণ করার জন্য নির্দেশ প্রদান করেন।

মহাব্যবস্থাপক (এমইঅ্যান্ডএল) সম্মানিত সভাপতির অনুমতিক্রমে সভাকে জানান যে, RELI প্রকল্পের Mid Term Review (MTR) আগামী জুন ২০২৪ এ অনুষ্ঠিত হবে এবং Mid Term Review এর সময় Result Monitoring Framework অনুসারে কমপক্ষে ৮১,০০০ উপকারভোগীর আয় বৃদ্ধি, ৫% উপকারভোগীর সামাজিক মর্যাদা পরিবর্তন, যুব দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ ও কর্মসংস্থান এবং অবকাঠামো উন্নয়ন লক্ষমাত্রা বাস্তবায়ন অগ্রগতির বিষয়গুলো বিশেষভাবে মূল্যায়ন করা হবে।

সম্মানিত সভাপতির অনুমতিক্রমে ৫টি অঞ্চলের আঞ্চলিক পরিচালকগণ তাদের নিজ নিজ অঞ্চলের অগ্রগতি সভায় উপস্থাপন করেন। উপস্থাপনা থেকে জানা যায় যে, ডিসেম্বর,২০২৩ এর লক্ষ্যমাত্রা অনুসারে গ্রাম সমিতির অফিস ঘর নির্মাণ কাজ এবং

যুব প্রশিক্ষণ ও কর্মসংস্থানের অগ্রগতি পিছিয়ে রয়েছে। সভার সম্মানিত সভাপতি ও প্রধান অতিথি লক্ষমাত্রার আলোকে অর্জন নিশ্চিত করার জন্য সকলকে ঐক্যবদ্ধ হয়ে টিম বিল্ডিং এর মাধ্যমে কাজ করার জন্য জোর তাগিদ প্রদান করেন।

সভায় সম্মানিত সভাপতি এসসিএমএফপি(SCMFP) প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে জানতে চাইলে এসসিএমএফপি এর প্রকল্প সমন্বয়কারী জানান যে, উপকূলীয় মৎস্যজীবী ৪৫০টি গ্রামে স্থায়ী ও টেকসই মৎস্যজীবী গ্রাম সংগঠন প্রতিষ্ঠা করা হয়েছে, ১,৭৮৩ টি সহায়-সম্বলহীন পরিবারকে এককালীণ অনুদান প্রদান করা হয়েছে, ৯,৩০০ মৎস্যজীবী ও মৎস্যজীবী পরিবারের বেকার যুবদের কারিগরি ও দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং এর মধ্যে ৬,২৫২ জনের কর্মসংস্থানের সৃষ্টি হয়েছে, ৪১,৯২১ জন দরিদ্র-অতিদরিদ্র মৎস্যজীবী সদস্যকে আয়-বর্ধণমুলক কাজের উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং এর মধ্যে ৩৯,৬৩৬ জনকে জীবিকা উন্নয়ন তহবিল প্রদান করা হয়েছে, ৪৫০ টি গ্রামে ক্ষুদ্র অবকাঠামোর উন্নয়ন করা হয়েছে, ১০০ টি আদর্শ মৎস্য গ্রাম নির্বাচন করা হয়েছে, দরিদ্র-অতিদরিদ্র মৎস্যজীবীদের ক্ষুদ্র উদ্যোক্তা হিসেবে তৈরীর লক্ষ্যে মোট ১০০টি উৎপাদনকারী দল গঠন করা হয়েছে এবং আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে, ১১১জন মেধাবী যুবকে বিশ্ববিদ্যালয় পর্যায়ে শিক্ষার জন্য বৃত্তি প্রদান করা হয়েছে।

সম্মানিত সভাপতি এসসিএমএফপি প্রকল্পের কম্পোন্যান্ট-৩ এর বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে সন্তোষ প্রকাশ করেন। এসডিএফ এর মাধ্যমে এধরনের সফল প্রকল্প বাস্তবায়ন দক্ষতা বিভিন্ন সংস্থা/ প্রতিষ্ঠানের কাছে তুলে ধরার সুযোগ আছে বলেও তিনি অভিমত প্রকাশ করেন।

সভায় সম্মানিত সভাপতি সিপিএসপি (CPSP) প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে জানতে চাইলে সিপিএসপি প্রকল্পের উপ-ব্যবস্থাপক জানান যে, সিপিএসপি প্রকল্প বাস্তবায়নের জন্য মোট প্রাপ্ত বরাদ্দের পরিমাণ ২০০ কোটি টাকা, প্রকল্পটি জুন ২০২১ থেকে শুরু হয়েছে যা ২১টি জেলার ৫৪টি উপজেলায় চলমান রয়েছে। এর আওতায় মোট উপকারভোগীর সংখ্যা ১১,৯১২জন, মোট বিতরণকৃত টাকার পরিমাণ ৪১৬ কোটি ১০ লক্ষ টাকা এবং বর্তমান ঋণ স্থিতি ২০৭ কোটি ৪১ লক্ষ টাকা। এছাড়াও তিনি জানান যে, বর্তমানে ঋণ প্রদানের জন্য সিপিএসপি প্রকল্পে যথেষ্ট পরিমাণ টাকা না থাকায় ঋণ বিতরণে সমস্যা হচ্ছে। তিনি সিপিএসপি এর আওতায় ঋণ বিতরণে কিছু টাকার বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ করেন।
সম্মানিত সভাপতি সিপিএসপি এর বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে সন্তোষ প্রকাশ করেন এবং এ ধারা অব্যাহত রাখার জন্য গুরুত্বারোপ করেন।

সভার সিদ্ধান্তসমূহ:

- ১০ ই নভেম্বর, ২০২৩ এর মধ্যে লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল উৎপাদনকারী দলের রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে ।
- ডিসেম্বর,২০২৩ এর লক্ষ্যমাত্রা অনুসারে গ্রাম সমিতির অফিস ঘর নির্মাণ কাজ সমাপ্ত এবং যুব প্রশিক্ষণ ও কর্মসংস্থানের অগ্রগতিসহ সকল ক্ষেত্রে লক্ষ্যমাত্রার আলোকে অর্জন নিশ্চিত করতে হবে;
- এসআইপিপি-২ এবং এনজেএলআইপি এলাকার জন্য গঠিত কমিটিগুলোকে দ্রুত সুনির্দিষ্ট পদক্ষেপ গ্রহণ করতে হবে;
- সকল পর্যায়ে কর্মকর্তা ও কর্মচারীদের যথা সময়ে অফিসে হাজিরা নিশ্চিত করতে হবে এবং কার্যকর মাঠ পরিদর্শন বাড়াতে হবে।
- প্রতিমাসের সভায় সুনির্দিষ্টভাবে সকল প্রকল্পের অগ্রগতি যাচাই করা হবে এবং অগ্রগতি সন্তোজনক না হলে সুনির্দিষ্টভাবে প্রত্যেকের দায় নির্ধারণ করা হবে;
- এসডিএফ এর কর্মকর্তা/কর্মচারী কোন প্রকার অন্যায় ও আর্থিক অনিয়ম করলে তা দ্রুত সনাক্ত করে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সভায় অন্য কোন আলোচনা না থাকায় সম্মানিত সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ড. অমিতাভ সরকার)
ব্যবস্থাপনা পরিচালক
এসডিএফ।